# Government of West Bengal
## Panchayats and Rural Development Department
## Jessop Building, 63 Netaji Subhash Road, 1st Floor, Kolkata-700 001

No. 7839(11) - RD/CCA/BRGF/5M-1/2007 Date: 30.11.2009

From: Dr. M.N. Roy
Principal Secretary to the Government of West Bengal

To : District Magistrate and Executive Officer, Zilla Parishad
Purulia /Bankura / Paschim Medinipur/ South 24 Parganas / Birbhum / Murshidabad / Malda /Purba Medinipur /Jalpaiguri / Uttar Dinajpur / Dakshin Dinajpur

Subject: Model contract form for engagement of *Jeebika Sevak*

Sir/Madam,

I am to send herewith a model contract (in Bengali language) form for engagement of *Jeebika Sevak*, initially for one year, in Gram Panchayats of districts covered under Backward Region Grant Fund for circulation to all Block Development Officers/Gram Panchayats for intimation and using for the purpose of engagement of candidates, selected in due process, as *Jeebika Sevak*s.

Yours faithfully,

(M.N. Roy)
Principal Secretary

Encl.: As stated

No. 7839(11)/1(23)-RD/CCA/BRGF/5M-1/2007 Date: 30.11.2009

Copy forwarded for information and necessary action to the:

1-11. Savadhipati,
Purulia/Bankura/PaschimMedinipur/South24Parganas/Birbhum/Murshidabad/Malda/PurbaMedinipur/Jalpaiguri/Uttar Dinajpur/Dakshin Dinajpur Zilla Parishad.

12-22. Additional Executive Officer, Purulia /Bankura /Paschim Medinipur/South 24 Parganas/Birbhum/Murshidabad/Malda/PurbaMedinipur/Jalpaiguri /Uttar Dinajpur /Dakshin Dinajpur Zilla Parishad

23. State Programme Coordinator, SRD and Joint Secretary, Panchayats & Rural Development Department, Govt. of West Bengal

(M.N. Roy)
Principal Secretary

***<u>পশ্চাৎপদ এলাকা উন্নয়ন তহবিল কর্মসূচির আওতায় গ্রাম পঞ্চায়েতকে সহায়তা দানের জন্য দায়িত্বপ্রাপ্ত জীবিকা সেবক এবং গ্রাম পঞ্চায়েতের চুক্তিপত্র ।</u>***

১। .................................................... জেলার ...................... ..............................ব্লকের পত্রাঙ্ক .................................. .......................... , .............................. (তারিখ) অনুযায়ী শ্রী/শ্রীমতী ........................................................................................ .(পিতা/স্বামী –................................ ...................................................................., ঠিকানা- ................................................................................ ............................................... ) .......................................................... . গ্রাম পঞ্চায়েতে **<u>পশ্চাৎপদ এলাকা উন্নয়ন তহবিল কর্মসূচির আওতায় চুক্তির ভিত্তিতে জীবিকা সেবক হিসাবে</u>** কাজ করার জন্য যোগ্য বলে মনোনীত হয়েছেন ।

২। চুক্তির ভিত্তিতে জীবিকা সেবক হিসাবে গ্রামবাসীদের জীবিকা উন্নয়নের জন্য নির্দিষ্টভাবে উক্ত জীবিকা সেবকের ভূমিকা ও দায়িত্ব হবে:

ক) গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সমস্ত গ্রাম সংসদে গ্রামবাসীদের বিশেষতঃ স্বনির্ভর দলের সদস্য, এলাকার দরিদ্র, পিছিয়ে পড়া ও ভূমিহীন পরিবারগুলির সদস্যদের সব্জি ও ফল চাষ, অর্থনৈতিক ভিত্তিতে ফুল চাষ, জল সেচ, নার্সারি তৈরি, ফল গাছের কলম করা, কেঁচো সার, মাছ চাষ, প্রানী সম্পদ বিকাশ ইত্যাদি কাজে প্রশিক্ষণ ও সহায়তা প্রদান ।

খ) মিশ্র চাষ, সুসংহত চাষ, জলবিভাজিকা উন্নয়ন, পতিত জমির পুনরুদ্ধার এবং এর মাধ্যমে জীবিকার উন্নয়ন, ভূমিক্ষয় রোধ ইত্যাদি উদ্যোগে গ্রাম পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েতের কৃষি ও প্রানীসম্পদ বিকাশ উপসমিতি ও গ্রাম উন্নয়ন সমিতিকে প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান ।

গ) কম খরচে ও সহজ প্রযুক্তি ব্যবহার করে, গ্রাম সংসদ এলাকায় যেখানে যেমন প্রয়োজন ও সম্ভব - সেই সব ক্ষেত্রে গ্রামবাসীদেরকে, গ্রাম উন্নয়ন সমিতিকে, স্বনির্ভর দলকে এবং সামগ্রিকভাবে গ্রাম পঞ্চায়েতকে তা রূপায়ণের ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান ।

ক), খ) এবং গ) সহ অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে পরিকল্পনা রচনা করতে গ্রাম উন্নয়ন সমিতি / গ্রাম পঞ্চায়েতকে উপযুক্ত পরামর্শ প্রদান ।

ঘ) জীবিকা উন্নয়নের কাজে প্রযুক্তিগত কোনো সমস্যা নিরসনের জন্য প্রয়োজনীয় সমাধানকল্পে সুষ্ঠু পরামর্শ ও সহায়তা প্রদান ।

ঙ) জীবিকা উন্নয়নের সঙ্গে সম্পৃক্ত অন্যান্য বিভাগীয় দপ্তরের কর্মচারী (যেমন-কৃষি প্রযুক্তি সহায়ক, প্রানী বন্ধু ইতাদি)-দের সাথে সমন্বয় রেখে বিভিন্ন পরিষেবা প্রদানে সহায়তা করা ।

চ) গ্রাম পঞ্চায়েত দ্বারা রূপায়িত বিভিন্ন সরকারী কর্মসূচীতে জীবিকা উন্নয়নের জন্য গৃহীত বিভিন্ন প্রকল্প এবং কাজ রূপায়নের ক্ষেত্রে সমন্বয় বজায় রাখা ও বিশেষ ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েতকে সহায়তা প্রদান ।

ছ) গ্রাম পঞ্চায়েত সহ অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের কাছে কাজের তথা নির্দিষ্ট কোনো প্রকল্প রূপায়ণ সম্পর্কিত তথ্যাদি সম্বলিত মাসিক প্রতিবেদন নিয়মিত জমা দেওয়া ।

৩। গ্রাম পঞ্চায়েত প্রধানের নির্দেশে জীবিকা সেবক হিসাবে উপরে উল্লিখিত সহায়তার কাজ করতে হবে । গ্রাম পঞ্চায়েত এই কাজের তদারকি ও মূল্যায়ন করবে ।

৪। জীবিকা সেবক হিসাবে সহায়তা দেওয়ার কাজটি একটি স্বল্পকালীন ও অস্থায়ী কাজ । পশ্চাৎপদ এলাকা উন্নয়ন তহবিলের নির্দেশিকা অনুযায়ী উক্ত জীবিকা সেবককে গ্রাম পঞ্চায়েতে সহায়তা প্রদানের কার্যভার দেওয়া হচ্ছে। এই কাজে জীবিকা সেবক যে ভূমিকা ও দায়িত্ব পালন করবেন, কোনো ভাবেই তাকে স্থায়ী নিয়োগ বলে মনে করা যাবে না । এই শর্তেই জীবিকা সেবক এই উদ্যোগে যুক্ত হচ্ছেন যে, জীবিকা সেবক হিসাবে উপরে উল্লিখিত কাজ করার জন্য ভবিষ্যতে কখনোই স্থায়ী কোনো নিয়োগের দাবি বা প্রত্যাশা করা যাবে না । পুনরায় উল্লেখ্য যে এই অনুরোধ পত্রটি কোনো স্থায়ী নিয়োগের প্রতিশ্রুতি নয় এবং উল্লিখিত তারিখের পরবতী সময়ে এই পত্রের বিনিময়ে অনুরূপ কোনো দাবি গ্রাহ্য হবে না ।

৫। জীবিকা সেবক হিসাবে সাম্মানিক হবে মাসিক ৪০০০/= (চার হাজার টাকা) মাত্র । এছাড়া অন্য কোনো ভাতা দেওয়া হবে না । তবে এই কাজের উদ্দেশ্যে, কাজের এলাকা কিংবা গ্রাম পঞ্চায়েতের প্রধানের পরামর্শ ও নির্দেশক্রমে অন্য কোনো স্থানে যাতায়াতের জন্য ট্রেন ও/বা বাস ভাড়া মেটাতে হলে সেই বাবদ অর্থ উক্ত জীবিকা সেবককে দেওয়া যেতে পারে ।

৬। এক বছরের চুক্তির মেয়াদকালে জীবিকা সেবক গ্রাম পঞ্চায়েতের অনুমতি সাপেক্ষে নৈমিত্তিক কারনে চোদ্দ (১৪) দিন এবং অসুস্থতা-জনিত কারনে দশ (১০) দিন পর্যন্ত ছুটি পাওয়ার যোগ্য ।

৭। চুক্তির ভিত্তিতে নিযুক্ত হওয়ার পর এবং চুক্তির মেয়াদকালে গ্রাম পঞ্চায়েত উক্ত জীবিকা সেবকের কাজে সন্তুষ্ট না হলে এক (১) মাসের নোটিশ প্রদানের মাধ্যমে জীবিকা সেবককে উক্ত কাজ থেকে অপসারণ করতে পারবে । অনুরূপভাবে জীবিকা সেবকও এই কাজ থেকে অব্যাহতি চাইলে গ্রামপঞ্চায়েতকে উপযুক্তভাবে এক (১) মাসের নোটিশ দিয়ে কাজ ছেড়ে দিতে পারবেন ।

৮। উল্লিখিত শর্তাদিতে, চুক্তির ভিত্তিতে জীবিকা সেবক হিসাবে দায়িত্ব পালন করার জন্য সম্মত থাকলে, ..........................................গ্রাম পঞ্চায়েত আপাতত .......................... বর্ষের ................................................ মাস পর্যন্ত (অর্থাৎ, এক বছরের জন্য) উল্লিখিত সহায়তা প্রদানের জন্য শ্রী/শ্রীমতী ...................................................................................................................... - কে দায়িত্ব প্রদান করবে ।

চুক্তিপত্রে উল্লিখিত শর্তগুলি মান্য করবার প্রতিশ্রুতি দিয়ে, চুক্তির ভিত্তিতে উল্লিখিত সময়ের জন্য জীবিকা সেবক হিসাবে ........................................................................................ গ্রাম পঞ্চায়েতে সহায়তা প্রদানের সম্মতি জ্ঞাপন করে স্বাক্ষর করলাম ।

জীবিকা সেবকের স্বাক্ষর :
পিতা / স্বামী-
ঠিকানা-
স্থান ও তারিখ :

চুক্তিপত্রে উল্লিখিত শর্তগুলি মান্য করবার প্রতিশ্রুতির ভিত্তিতে, শ্রী/শ্রীমতী ..................................................... ............................... - কে, ...................................... (তারিখ) থেকে ............................... (তারিখ) পর্যন্ত (অর্থাৎ, এক বছরের জন্য ........................ ............... গ্রাম পঞ্চায়েতে জীবিকা সেবক হিসাবে সহায়তা প্রদানের দায়িত্ব দেওয়া হল ।

প্রধান , ................................ গ্রাম পঞ্চায়েত
ব্লক-........................................, জেলা-................................
( স্বাক্ষর ও সীলমোহর )

স্থান :
তারিখ :

***(চুক্তিপত্রের একটি অনুলিপি গ্রাম পঞ্চায়েতে ও অন্যটি সংশ্লিষ্ট জীবিকা সেবকের কাছে থাকবে।)